



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জেলা পরিষদ কার্যালয়, মাগুরা

www.zpmagura.gov.bd

স্মারক নং-জেপমা/১৫-৬০/২০২৩/৬৬১(৫০)

২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ

তারিখঃ -----

১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

মেধাবী ছাত্রছাত্রীদের এককালীন শিক্ষাবৃত্তি প্রদান বিজ্ঞপ্তি

২০২৩-২৪ অর্থবছরে মাগুরা জেলা পরিষদের নিজস্ব তহবিলের আওতায় মাগুরা জেলার স্থায়ী বাসিন্দা ও ২০২২ সালে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্রছাত্রী যারা বর্তমানে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত আছে তাঁদেরকে এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। বৃত্তি প্রদানের ক্ষেত্রে আর্থিকভাবে অস্বচ্ছল, মেধাবী ছাত্রছাত্রীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদনের শর্তাবলি


- ১। আবেদনকারী ছাত্রছাত্রীদেরকে ২০২২ সালে অনুষ্ঠিত এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় ৫.০০ স্কেলে বিজ্ঞান শাখা হতে জিপিএ-৫.০০, মানবিক শাখা হতে জিপিএ-৪.৫০ এবং বাণিজ্য শাখা হতে জিপিএ-৪.৭৫ থাকতে হবে।
- ২। মুক্তিযোদ্ধা পোষ্যদের জন্য জিপিএ-৪.৫০ এবং বিশেষ চাহিদা সম্পন্ন ও ক্ষুদ্র নৃগোষ্ঠী আবেদনকারীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ-৪.২৫ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্য প্রমাণের জন্য কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার অনুকূলে প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে এবং বিশেষ চাহিদা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। আবেদনকারীকে অবশ্যই মাগুরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলরের নিকট থেকে নাগরিকত্ব সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনপত্র সঠিকভাবে পূরণ করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর/মতামতসহ আগামী ১৫ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাগুরা বরাবর ডাকযোগে প্রেরণ অথবা সরাসরি জমা দিতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ব্যতিত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৫। আবেদনপত্রের সাথে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত (গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ছবি সংযুক্ত করতে হবে।
- ৭। আর্থিকভাবে অস্বচ্ছল মেধাবী ছাত্রছাত্রীদের ক্ষেত্রে আবেদনকারীকে তাঁর আর্থিক অস্বচ্ছলতার বিষয়ে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ৮। আবেদনের জন্য নির্ধারিত আবেদন ফরম মাগুরা জেলা পরিষদ কার্যালয়, জেলা পরিষদের ওয়েব পোর্টাল (www.zpmagura.gov.bd) এবং জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। আবেদনের ফটোকপি গ্রহণযোগ্য।

৪

৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এতদ্বিষয়ে প্রকাশিত বিজ্ঞপ্তির যে কোন শর্ত সংশোধন, পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। মাগুরা জেলা পরিষদে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পোষ্যগণ এ বৃত্তির জন্য বিবেচিত হবেন না।

১১। বৃত্তি বিষয়ক যে কোন তথ্যের প্রয়োজন হলে মাগুরা জেলা পরিষদে কর্মরত সাঁট লিপিকার কাজী একরামুল হক (মোবাইল ০১৭২৪-০৮২৩৩৪) ও নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক মোঃ ওহিদুর রহমান (মোবাইল ০১৯২৭-০২৯০৬৬) ঐর সাথে মোবাইলে যোগাযোগ করা যাবে এবং জেলা পরিষদের ওয়েবসাইট www.zpmagura.gov.bd থেকে জানা যাবে।


২২.১.২০২৬

মুহাম্মদ সানিউল কাদের
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারঃ)
জেলা পরিষদ, মাগুরা
ফোনঃ +০২৪৭৭১০৫৭৭

ই-মেইলঃ zpmagura@yahoo.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
৪. জেলা প্রশাসক, মাগুরা
৫. পুলিশ সুপার, মাগুরা
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)
৭. অধ্যক্ষ (সকল), মাগুরা
৮. উপজেলা চেয়ারম্যান, সদর /শ্রীপুর/মহম্মদপুর/শালিখা, মাগুরা
৯. মেয়র, মাগুরা পৌরসভা, মাগুরা
১০. উপজেলা নির্বাহী অফিসার, সদর/শ্রীপুর/ মহম্মদপুর/শালিখা, মাগুরা
১১. জেলা শিক্ষা অফিসার, মাগুরা
১২. জেলা তথ্য অফিসার, মাগুরা
১৩. জেলা রেজিস্ট্রার, মাগুরা
১৪. পোস্টমাস্টার, মাগুরা প্রধান ডাকঘর
১৫. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাগুরা
১৬. জেলা পরিষদ নোটিশ বোর্ড, মাগুরা
১৭. অফিস কপি/মাস্টার ফাইল